# Times Today BD

মো. নাঈম | বরিশাল | 20 April, 2025

ঝালকাঠির রাজাপুর উপজেলায় সবজির খেতে গাঁজা চাষের অভিযোগে এক চাষিকে আটক করেছে জেলা গোয়েন্দা (ডিবি) পুলিশ। একই অভিযানে আরও একজন গাঁজা ব্যবসায়ীকে আটক করা হয়েছে।

শনিবার (১৯ এপ্রিল) রাতে গোপন সংবাদের ভিত্তিতে ডিবি পুলিশের একটি দল অভিযান চালিয়ে রাজাপুর উপজেলার পূর্ব কানুদাসকাঠি গ্রামে একটি বসতঘরের পেছনের সবজি খেত থেকে একটি ৬ ফুট ৬ ইঞ্চি লম্বা গাঁজা গাছ উদ্ধার করে।এ সময় জমির মালিক আব্দুর রহমান (২৪) কে আটক করা হয়।তিনি ওই গ্রামের আলমগীর হাওলাদারের ছেলে।

একই সময়ে উপজেলার নলবুনিয়া বাজার এলাকায় অভিযান চালিয়ে চায়ের দোকানের সামনে থেকে ৩০০ গ্রাম গাঁজাসহ জামাল হাওলাদার (৩৪) নামে আরেকজনকে আটক করে পুলিশ। তিনি একই গ্রামের ফজলুল হক হাওলাদারের ছেলে।

বিষয়টি নিশ্চিত করে জেলা গোয়েন্দা পুলিশের ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. সেলিম উদ্দিন বলেন, “সবজি চাষের আড়ালে গাঁজা চাষ করা হচ্ছিল—এমন গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে গাঁজা গাছসহ একজনকে এবং পরবর্তীতে গাঁজাসহ আরও একজনকে আটক করা হয়।”

আটককৃতদের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে রাজাপুর থানায় পৃথক মামলা দায়ের করে তাদের আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হয়।

গাঁজা আটক পুলিশ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 29 June, 2025 17:54

URL: https://www.timestodaybd.com/barishal/1290931124